স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম

হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

হ্যানিম্যান হল, খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই

Registered
No. C. 853

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৯শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৯ই আশ্বিন বুধবার ১৩৬৯ ইংরাজী 26th Sept. 1962 | ২০শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের রীতি যে করে রন্ধন-রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুনে ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া ও থাকার ভয়ে ঘরে ঘরে কুলও থাকবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধূলা, ধোঁয়া বা কয়লাহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

খাস জনতা

কেরোসিন কুকার

সুদৃঢ় ভাবনা ও বিপুলতা আনবে।

প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৯ই আশ্বিন বুধবার সন ১৩৬৯ সাল।

সান্ত্বনা

লোকের এমন দিন আসে, যে স্বজন বিয়োগ-জনিত শোক ভুলিতে পারে না। দীর্ঘকাল সয়ে হয়তো সংসার নশ্বর জ্ঞান হইলে তবে প্রবোধ মানে। পরের দুঃখ পরে বোঝে না, এইজন্য কথা আছে—

যার ব্যথা সেই জানে,
জানে কি পরে।

জগদ্বিখ্যাত নাট্যকার সেক্সপিয়ার বলেছেন—

World is a stage. জগৎ একটী নাট্যশালা। জীব মাত্রেই নট। কিন্তু বলেন নাই—এটি ষ্টেজ কিন্তু এর প্রোগ্রাম নাই, প্রমপ্‌টার নাই। বিনা রিহার্স্যালে অভিনয় করতে হয়। বাঙালী নাট্য-কার রচিত একটি গান দিলাম—তাহাতে অনেক বিরহী সান্ত্বনা পাইবেন আশা করি—

গান

"এ মায়া প্রপঞ্চময় ভবের রঙ্গমঞ্চ মাঝে।
রঙ্গের নট নটবর হরি যারে যা সাজান সেই তা সাজে।

কর্ম্মক্ষেত্রে, জীবমাত্রে, কর্ম্মসূত্রে সবে গাঁথা,
কেহ পুত্র, কেহ মিত্র, কেহ ভার্য্যা, কেহ ভ্রাতা,
কেহ সেজে এসেছেন পিতা, কেহ স্নেহময়ী মাতা,
কত রঙ্গের অভিনেতা যাচ্ছেন আসছেন কত সাজে।

মাতৃসাজে সেজেছ মা করতে স্নেহের অভিনয়,
কর্ম্মক্ষেত্রে কর্ম্মসূত্রে আমি তোর সেজেছি তনয়।
এই নাট্যের এই অঙ্কে স্থান পেয়েছি তোর অঙ্কে
হয়তো যাব পর অঙ্কে পর অঙ্কের পুত্র সেজে।
যার যখন হ'তেছে সাঙ্গ রঙ্গালয়ের অভিনয়,
কাকস্য পরিবেদনা তখন সে আর কারো নয়,
কোথা রয় প্রেয়সীর প্রণয়, পুত্র কন্যার কাতর বিনয়,
মানে না কারো অনুনয়, চলে যায় সাজ সজ্জা ত্যজে।
না হইলে কর্ম্ম শেষ কত যাব কত আসিব
সং সেজে সংসার নাট্যে কত কাঁদিব কত হাসিব
অহিভূষণ বলে—কবে নাশিব এই অশিব
যোগাসনে কবে বসিব, মিশিব হরি-পদ-রজে।"

বসন্ত নির্মূল সপ্তাহ

২৫শে সেপ্টেম্বর হইতে ১লা অক্টোবর পর্য্যন্ত পশ্চিমবঙ্গের সর্বত্র 'বসন্ত নির্মূল সপ্তাহ' পালন করা হইবে। ১৫ই অক্টোবর হইতে বসন্ত নির্মূল করার কার্য্যসূচী গ্রহণের সূচনা হিসাবে এই সপ্তাহ উদ্‌যাপিত হইবে। এই ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের সাহায্য পাইবেন। দুই বৎসরে এই কার্য্যসূচীর কাজ শেষ হইবে। প্রত্যেক পুরুষ, স্ত্রীলোক ও শিশুকে টিকা দেওয়া হইবে। বসন্তের টিকা নিয়ে নিজেকে, পরিবারের সকলকে ও সমাজকে রক্ষা করুন।

সহযোগিতার জন্য রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতির আবেদন

নয়াদিল্লি, ২৪শে সেপ্টেম্বর বসন্ত নির্মূল করিবার কার্য্যসূচীকে সফল করিয়া তুলিবার ব্যাপারে জনসাধারণের সহযোগিতার জন্য রাষ্ট্রপতি ডঃ রাধাকৃষ্ণন ও উপরাষ্ট্রপতি ডঃ জাকির হোসেন আবেদন করিয়াছেন।

মহাকালী পাঠশালার শতবার্ষিক উৎসব

বহরমপুর বালিকা মহাকালী পাঠশালার প্রাথমিক বিদ্যালয় (খাগড়া, মুর্শিদাবাদ) 'র "শতবার্ষিক উৎসব—১৯৬২ খৃঃ"র জন্য সর্বশ্রী অনিলকুমার চট্টোপাধ্যায়, সভাপতি; উমানাথ সিংহ ও অপর্ণা বন্দ্যোপাধ্যায় (বিদ্যালয়ের প্রধানা শিক্ষয়িত্রী), যুগ্ম সম্পাদক, মোহনলাল জৈন, কোষাধ্যক্ষ এবং কালীকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয়কে নিরীক্ষক করিয়া ও স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গকে লইয়া একটি কার্য্যকরী সমিতি গঠিত হইয়াছে।

মহাকালী পাঠশালার প্রাথমিক বিদ্যালয়ের বর্ত্তমান ও প্রাক্তন ছাত্রীদের লইয়া ২রা অক্টোবর '৬২ শতবার্ষিক উৎসবের আলোকদানাদি প্রাথমিক অনুষ্ঠান এবং ১লা হইতে ৩রা ডিসেম্বর, ১৯৬২ দিবসত্রয় ব্যাপী বিবিধ অনুষ্ঠান হইবে।

সর্ব্বসাধারণের প্রিয় প্রতিষ্ঠান পাঠশালাটির প্রস্তাবিত অনুষ্ঠানগুলির সাফল্যের অনুকূলে প্রাক্তন ছাত্রীবৃন্দ পাঠশালার প্রাথমিক বিদ্যালয়ের প্রধানা শিক্ষয়িত্রী মহাশয়ার সহিত যোগাযোগ করুন।

উচ্চ শিক্ষার জন্য বিদেশ যাত্রা

রঘুনাথগঞ্জ হাই স্কুলের জনপ্রিয় প্রবীণ শিক্ষক শ্রীপূর্ণচন্দ্র সাহা মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র শ্রীমান্ অক্ষয়-কুমার সাহা পুণা কৃষি-কলেজ হইতে ১ম শ্রেণীতে ২য় স্থান অধিকার করিয়া বি-এস-সি (এগ্রিঃ) পাশ করে। ১৯৫১ সালে মহকুমা কৃষি অফিসার রূপে সরকারী চাকুরীতে যোগদান করে। তারপর ১৯৫৭ সালে দিল্লী হইতে আই-এ-আর-আই পাশ করে এবং ১ম শ্রেণীতে পঞ্চম স্থান লাভ করে। সে বর্ত্তমানে কল্যাণী বিশ্ববিদ্যালয়ে 'হর্টিকালচার' বিষয়ের সিনিয়র লেকচারার পদে অধিষ্ঠিত ছিল। ঐ বিষয়ে উচ্চতর শিক্ষা লাভের জন্য আমেরিকা যাত্রা করিয়াছে। সেখানে মিসৌরী বিশ্ববিদ্যালয়ে দুই বৎসর অধ্যয়ন করিতে হইবে। আমরা শ্রীমানের উন্নতি কামনা করি।

* * *

বীরভূম জেলার জাজিগ্রামের শ্রীদুর্গাদাস মুখোপাধ্যায় মহাশয়ের একমাত্র পুত্র শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় বি-এস-সি (কলিকাতা), কেমিঃ ইঞ্জিনিয়ার (যাদবপুর) ১৯৬১; প্রথম শ্রেণী। দুর্গাপুরে কর্ম্মরত ছিল। বিগত ২রা সেপ্টেম্বর পালামৌ বিমান বন্দর হইতে "ষ্টীল ইঞ্জিনিয়ারিং ট্রেণিং" এর জন্য অষ্ট্রেলিয়া যাত্রা করিয়াছে। শ্রীমান্ ভারত সরকারের 'কলম্বো প্ল্যানেতে' সর্ব্বভারতীয় ২৪ জন মনোনীত শিক্ষানবীশ মধ্যে অন্যতম। শ্রীমান্ জঙ্গিপুর হাই স্কুলের অবসরপ্রাপ্ত সহকারী প্রধান শিক্ষক শ্রীপশুপতি চক্রবর্ত্তী মহাশয়ের দৌহিত্র। আমরা শ্রীমানের সাফল্য কামনা করি।

পরলোকগত জেলা জজ পঙ্কজনাথ গুপ্তের কনিষ্ঠ পুত্র শ্রীমান্ বালার্ক গুপ্ত গত ৭ই সেপ্টেম্বর বিশেষ বৃত্তি পাইয়া আমেরিকা যুক্তরাষ্ট্রের ভ্যাঙ্কুভার অভিমুখে যাত্রা করিয়াছেন। শ্রীমান্ গুপ্ত খড়্গপুর টেকনোলজী হইতে কৃতিত্বের সহিত বি, ই (সিভিল) পরীক্ষায় উত্তীর্ণ হইয়া দুর্গাপুর ষ্টীলে কর্মরত ছিলেন। ভ্যাঙ্কুভারে তিনি দুই বৎসরের জন্য ইঞ্জিনিয়ারিং বিদ্যালয়ে লেকচারারের পদে অভিষিক্ত থাকিয়া কারিগরী বিদ্যায় এম, এস অধ্যয়ন করিবেন।

* * *

আজিমগঞ্জের ডাক্তার শ্রীবিভেন্দুশেখর বিশ্বাস এম, বি, মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র শ্রীদিলীপকুমার বিশ্বাস বি, এস, সি (কলিকাতা), বি, ডি, এল, পি ও এ এবং এইচ্ (ক, কি) —পশ্চিমবঙ্গ সরকারের পশু বিদ্যা বিভাগের ষ্ট্যাটিসটিক্যাল অফিসার জেনেটিকসে স্নাতকোত্তর ডক্টরেট উপাধি লাভের জন্য গত ১লা সেপ্টেম্বর বিমানযোগে আমেরিকা যাত্রা করিয়াছেন। ১৯৬১ সালে ষ্ট্যাটিস্টিকসে শিক্ষার জন্য পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক দিলীপকুমার নয়া দিল্লীস্থ কৃষি গবেষণা কেন্দ্রে প্রেরিত হইয়াছিলেন, তথায় এক বৎসর শিক্ষালাভান্তে শেষ পরীক্ষায় ভারতের পনরটি রাজ্য সরকার কর্তৃক প্রেরিত শিক্ষার্থীদের মধ্যে সর্ব প্রথমস্থান অধিকার করিয়া সুবর্ণপদক লাভ করেন। দিলীপকুমারের এই কৃতিত্বের জন্য আমেরিকার উইস কন্‌সিন বিশ্ববিদ্যালয়ের জেনেটিক্স বিভাগ তাঁহার উচ্চ শিক্ষার সুবিধার জন্য বার্ষিক ২৪৬০ ডলার বৃত্তি অনুমোদন করিয়াছেন।

নূতন ডি-পি-আই

ডঃ ভবতোষ দত্তকে পশ্চিমবঙ্গ সরকার ডি-পি-আই (ডিরেক্টর অব পাবলিক ইনষ্ট্রাকশন) নিযুক্ত করা স্থির করিয়াছেন। ডঃ দত্ত শীঘ্রই তাঁহার নূতন কর্মভার গ্রহণ করিবেন বলিয়া আশা করা যায়। ডঃ দত্ত প্রেসিডেন্সী কলেজের অর্থনীতির অধ্যাপক। তিনি লণ্ডন বিশ্ববিদ্যালয়ের পি-এইচ-ডি এবং একজন বিশিষ্ট শিক্ষাবিদ্।

শনৈঃ পন্থাঃ

(সহযোগী পল্লীবাসী হইতে উদ্ধৃত)

নূতন মুখ্যমন্ত্রী মহাশয় সোমবার জনসাধারণের বক্তব্য শ্রবণের ব্যবস্থা করায় সমগ্র প্রশাসনিক মহলে সাড়া পড়িয়া গিয়াছে। ইহা খুবই সুলক্ষণ। আমরা দীর্ঘদিন হইতে বলিয়া আসিতেছি যে, প্রশাসনিক কাঠামোর বর্ত্তমান অবস্থার পরিবর্ত্তন না হইলে, জনসাধারণের মনে আস্থার ভাব ফিরিয়া আসিতেছে না। ইহা রাজ্যের পক্ষে খুবই দুর্লক্ষণ। মুখ্যমন্ত্রী মহাশয় সর্ব্বসাধারণকে নির্ভয়ে তাঁহার নিকট মনের কথা বলিবার সুযোগদান করিলে, দুর্নীতিপরায়ণ দলের হৃৎকম্প উপস্থিত না হইয়াই পারে না। কোথায় কোন ঠিকাদার প্রায় ষোলআনায় ফাঁকি মারিয়াছে, এবং এই দুষ্কার্য্যে কোন কোন অসৎ কর্ম্মচারীর যোগসাজশ আছে —এই সব এখন জানাজানি হইলে কতকটা যে ধরাকাট হইবে, তাহাতে সন্দেহ নাই। এইবার মুখ্যমন্ত্রী মহাশয় যদি জেলাশাসক ও মহকুমা শাসকগণকেও অনুরূপ নির্দ্দেশ দেন, তবে তো সত্য সত্যই রামরাজত্বের একটা সূচনা দেখা যায়। দুর্নীতির যে ঘাঁটি একরূপ লোকের চোখের সামনেই স্বচ্ছন্দে বিরাজমান, সেগুলার একটু নড়চড় দেখিলেও তো লোকে স্বস্তির নিঃশ্বাস ফেলিয়া বাঁচে। শুধু দুষ্কৃতিকারীরাই নয়, সেই দুষ্কৃতির সহায়কগণেরও কিছু কিঞ্চিৎ হৃৎকম্প ঘটাইতে পারিলেও, নূতন মুখ্যমন্ত্রীর জয় জয়কার কেহই ঠেকাইতে পারিবে না।

ইংরাজ আমলেও চুরি জোচ্চুরি ঘুষ সবই ছিল সত্য, কিন্তু এমন প্রকাশ্য দিবালোকে বেপরোয়া "স্বাধীনভাবে" এই সব দুষ্কার্য্য করিতে সহসা কেহই সাহস করিত না। ইংরাজ প্রশাসনিক কাঠামোটাকে এমন চটকদার করিয়া রাখিয়াছিল যে ধরা ছোঁয়ার জো ছিল না। সেটাই যে ভাল ছিল, এমন কথা কোন বর্ষীয়েও বলিবে না, কিন্তু ইহারা যে এখন ইংরাজ রাজত্বকেও ভাল বলাইয়া ছাড়িতেছে। মহকুমা শাসকেরাই পল্লীর সহিত প্রত্যক্ষ সংযোগ রক্ষা করেন। কোথায় টিন, সিমেন্টের কেলেঙ্কারি, ভুয়া কার্ডে জি-আর বিলি, টেষ্ট রিলিফে ৫ জনের স্থলে ৫০ জনের হাতে পায়ে টিপ সই, কোথায় টিপকল বসাইতে না বসাইতেই বিকল হইল—কত আর বলিব (খাতায় ফিরিস্তি করাই আছে) প্রমাণ করিবার ঝক্কি, আর তারপর প্রাণান্ত পরিচ্ছেদ হয়রাণির আশঙ্কা! এ অবস্থায় পুত্তলিকার চক্ষু আছে কিন্তু দেখিতে পায় না—কর্ণ আছে কিন্তু শুনিতে পায় না—ইত্যাকার দৃশ্য ঘুচাইয়া যদি একটা সতত সঞ্চয়মান শ্যেন দৃষ্টি শয়তানি রন্ধ্রে রন্ধ্রে ঘুরপাক মারিবার ব্যবস্থা করিতে পারা যায়, তবে যে সেন রাজত্ব কায়েম হইয়া থাকিবে—এটা একরূপ নির্ভয়েই ভবিষ্যদ্বাণী করিতে পারি।

রঘুনাথগঞ্জ সার্ব্বজনীন দুর্গোৎসবের আয় ব্যয়ের হিসাব—১৩৬৮

চাঁদা আদায় মোট জমা—৭১৪'৫৮ নঃ পঃ

খরচ—প্রতিমা নির্মাণ—১১০'৮০, মণ্ডপ নির্মাণ —১০৭'১৫, পূজার খরচ—১৫৫'৬৫, বাদ্য—৪৩'২৫ প্রতিমা নিরঞ্জন—২৬'৯৬, আমোদ প্রমোদ—৪৫'৭৮ অন্যান্য খরচ—২২৭'৭৪, মোট—৭১৬'৫৩ জমা বাদে ১'৯৫ নঃ পঃ অতিরিক্ত খরচ দেখা যায়।

স্বাঃ—শ্রীপার্ব্বতীচরণ মুখোপাধ্যায়, সভাপতি
" শ্রীঅবনীকুমার রায়, কোষাধ্যক্ষ
" শ্রীজ্ঞানেন্দ্রভূষণ গুপ্ত, হিসাব পরীক্ষক

॥ নোটীশ ॥

সাধারণের অবগতির জন্য জানান যাইতেছে যে, মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহণ প্রাধিকার প্রত্যহ উভয়দিকে একটি করিয়া ট্রিপ সহ বহরমপুর —কৃষ্ণনগর (ভায়া ধুবুলিয়া) রুটে যাত্রীবাহী বাসের জন্য একটি স্থায়ী পারমিট প্রদান করিবেন। উক্ত রুটের পারমিটের জন্য নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ৩১শে অক্টোবর, ১৯৬২ বৈকাল ৫টা পর্য্যন্ত নির্ধারিত ফরমে দরখাস্ত গৃহীত হইবে। উক্ত ফরম মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের অফিসে পাওয়া যাইবে। স্বাঃ এম, সি, দত্ত, মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের সচিব।

সান্নিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও

সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—*শ্রীননীগোপাল সেন*, কবিরাজ

আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং *বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি* ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

আমেরিকায় আবিষ্কৃত

ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

মরা মানুষ বাঁচাইবার উপায়:—

আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১'১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট:—*ডাঃ ডি, ডি, হাজরা*

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

ছায়াবাণী সিনেমার সম্মুখে

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিন্ট ও এনলার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।